তারিখ ... 04 AUG 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ......

দৈনিক আমাদের সময়

# জাবির প্রশাসনিক ভবন অবরোধ চলছেই

জাবি প্রতিনিধি •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নামে করা প্রশাসনের মামলা প্রত্যাহারসহ চার দফা দাবিতে শিক্ষার্থীরা চতুর্থ দিনের মতো অবরোধ করে রেখেছেন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন। এ কারণে বন্ধ হয়ে গেছে বিশ্ববিদ্যালয়ের সব দাপ্তরিক কার্যক্রম। গতকাল বৃহস্পতিবার সকাল ৮টা থেকে আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেন। এ সময় থেকে কাউকে ভেতরে প্রবেশ করতে দেননি তারা। প্রশাসনিক সব কর্মকর্তা-কর্মচারী বাইরে অবস্থান করছেন। এদিকে গত বুধবার অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় আন্দোলনকারীদের অবরোধ প্রত্যাহারের নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত, মামলা প্রত্যাহারের দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে যাচ্ছেন শিক্ষার্থীরা। সর্বশেষ রবিবার রাতে তারা মশাল মিছিল করেন। এ ছাড়াও গত ১৫ জুলাই একই দাবিতে আমরণ অনশনে বসেন বিশ্ববিদ্যালয়ের আট শিক্ষার্থী। তখন বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সম্মানজনক উপায়ে মামলা প্রত্যাহারের আশ্বাস দিলে অনশন ভাঙেন তারা। এ সময় শিক্ষার্থীরা মামলা প্রত্যাহারের জন্য প্রশাসনকে ৭ দিন সময় দেন। কিন্তু সে সময় মামলা প্রত্যাহার না হওয়ায় আবারও আন্দোলনে নেমেছেন শিক্ষার্থীরা।